

## ■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩৩০৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪০৫]

১৭। বিবাহ (النِكَاح)

পরিচ্ছেদঃ ৩. মুত'আহ বিবাহ বৈধ ছিল, পরে তা বাতিল করা হয়, অতঃপর বৈধ করা হয়, আবার বাতিল করা হয় এবং তা কিয়ামত পর্যন্ত স্থির থাকবে

بَابِ نِكَاحِ الْمُتْعَةِ وَبَيَانِ أَنَّهُ أَبِيَحَ ثُمَّ نُسِخَ ثُمَّ أُبِيَحَ ثُمَّ نُسِخَ ثُمَّ أَسْتَقَرَ تَحْرِيمُهُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ

আরবী

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ رَافِعٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا أَبْنُ جُرَيْحٍ، أَخْبَرَنِي أَبُو الزُّبَيْرٍ، قَالَ سَمِعْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ، يَقُولُ كُنَّا نَسْتَمْتَعُ بِالْقُبْضَةِ مِنَ التَّمْرِ وَالدَّقِيقِ الْأَيَّامَ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبِي بَكْرٍ حَتَّى نَهَى عَنْهُ عُمَرُ فِي شَأْنِ عَمْرُو بْنِ حُرَيْثٍ .

বাংলা

৩৩০৭-(১৬/...) মুহাম্মাদ ইবনু রাফিক' (রহঃ) ..... আবু যুবায়র (রহঃ) বলেন, আমি জাবির ইবনু 'আবদুল্লাহ (রাযঃ) কে বলতে শুনেছি, আমরা এক মুঠো খেজুর অথবা ময়দার বিনিময়ে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে এবং আবু বকর (রাযঃ) এর যুগে মুত'আহ বিবাহ করতাম। শেষ পর্যন্ত উমর (রাযঃ) আমর ইবনু হুরায়স এর বিষয়টিকে কেন্দ্র করে তা নিষিদ্ধ করেন।\*। (ইসলামিক ফাউন্ডেশন ৩২৮২, ইসলামীক সেন্টার ৩২৮০)

## English

Jabir b. 'Abdullah reported:

We contracted temporary marriage giving a handful of (tales or flour as a dower during the lifetime of Allah's Messenger (ﷺ) and during the time of Abu Bakr until 'Umar forbade it in the case of 'Amr b. Huraith.

ফুটনোট

\* 'আমর ইবন হুরায়স কুফায় তার মুক্তদাসীকে মুত'আহ বিবাহ করেন। এর ফলে সে গর্ভবতী হলে তাকে নিয়ে আমর ইবন হুরায়স উমার ফারুক (রাযঃ) এর কাছে উপস্থিত হন, এ সময় তিনি মুত'আহ বিবাহকে কঠোরভাবে

নিষিদ্ধ করেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবুয় যুবায়র (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=50390>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন